**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

### ঢাকা, শুক্রবার ২৩ সেপ্টেম্বর ২০১৬, ৮ আশ্বিন ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাংলাদেশে সন্ত্রাসের মূলোৎপাটনে সক্ষম হয়েছি : জাতিসংঘ অধিবেশনের ভাষণে প্রধানমন্ত্রী

২। প্লানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন ও এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড গ্রহণ করলেন প্রধানমন্ত্রী

৩। জীবনযাত্রার মানোন্নয়নে কাউকে ফেলে রাখা যাবে না : প্রধানমন্ত্রী

৪। অভিন্ন নদীর পানির সমবন্টন চান প্রধানমন্ত্রী

৫। আগুন সন্ত্রাসের হুকুমের আসামিদেরও বিচার হবে : নিউইয়র্কে নাগরিক সংবর্ধনায় প্রধানমন্ত্রী

৬। দেশে মধ্যবর্তী নির্বাচনের সম্ভাবনা নেই : নিউইয়র্কে সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী

৭। ব্যবসায়িক নীতির অঙ্গীকার রক্ষা করতে হবে : প্রধানমন্ত্রী

৮। ভারতের উত্তর পূর্বাঞ্চলের সঙ্গে বাণিজ্য বাড়াতে চায় বাংলাদেশ : শিল্পমন্ত্রী

৯। পরিবহণ চাঁদাবাজদের তালিকা হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী

১০। ব্যক্তিগত গাড়ি নিয়ন্ত্রণে আইন আসছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

১১। জাতীয় সংসদ অধিবেশন শুরু আগামী ২৫ সেপ্টেম্বর রোববার

১২। অস্ট্রেলিয়ার সঙ্গে বাংলাদেশের বন্ধুপ্রতিম সম্পর্ক রয়েছে : হাইকমিশনারের সঙ্গে সাক্ষাতকালে স্পিকার

১৩। সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় ছয় বাংলাদেশি নিহত

চলমান পাতা-২

১। **বাংলাদেশে সন্ত্রাসের মূলোৎপাটনে সক্ষম হয়েছি : জাতিসংঘ অধিবেশনের ভাষণে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বর্তমান সময়ের দুটি বৈশ্বিক চ্যালেঞ্জ হলো জঙ্গিবাদ ও সহিংস চরমপন্থা। আমরা বাংলাদেশে সন্ত্রাসের মূলোৎপাটনে সক্ষম হয়েছি। মানবতার স্বার্থে বিশ্ব থেকে সংঘাত দূর করে শান্তির পথে এগিয়ে যেতে বিশ্ব নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, এই চ্যালেঞ্জগুলো কোনো নির্দিষ্ট গন্তব্যে আবদ্ধ না থেকে বিশ্বের সর্বত্র ছড়িয়ে দিতে হবে। তিনি বলেন, কোনো দেশই আপাতদৃষ্টিতে নিরাপদ নয়। আমরা মনে করছি, সন্ত্রাসীদের কোনো ধর্ম, বর্ণ বা গোত্র নেই। এদের সমূলে মূলোৎপাটন করার সংকল্পে আমাদের ঐক্যবদ্ধ থাকতে হবে। এদের পরামর্শদাতা, মূল পরিকল্পনাকারী, পৃষ্ঠপোষক, অর্থ ও অস্ত্র সরবরাহকারী এবং প্রশিক্ষকদের খুঁজে বের করে কঠোর ব্যবস্থা নিতে হবে। সন্ত্রাসী ও উগ্রবাদীদের অর্থ অস্ত্রশস্ত্রের যোগান বন্ধ এবং তাদের প্রতি নৈতিক ও বৈষয়িক সমর্থন না দেওয়ার জন্য তিনি বিশ্ব সম্প্রদায়ের প্রতি আহবান জানান। গত **২১** সেপ্টেম্বর বুধবার যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘের সদর দফতরে জাতিসংঘের সাধারণ পরিষদের **৭১**তম অধিবেশনে বাংলায় দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)। **জনকণ্ঠ, সমকাল, ভোরের কাগজ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**ইত্তেফাক, সমকাল, প্রথম আলো, ডেইলি স্টার, ডেইলি সান, নিউ নেশন**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **প্লানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন ও এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড গ্রহণ করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নারীর ক্ষমতায়নে তার অসাধারণ অবদানের স্বীকৃতি হিসেবে ‘প্লানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন’ ও ‘এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড’ গ্রহণ করেছেন। জাতিসংঘ সদর দফতরে গত **২১** সেপ্টেম্বর বুধবার জাতিসংঘ প্লাজায় প্রধানমন্ত্রীকে দেওয়া এক উচ্চপর্যায়ের সংবর্ধনা অনুষ্ঠানে গ্লোবাল পার্টনারশিপ ফোরাম ‘এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড ’ তার কাছে হস্তান্তর করে। এ অ্যাওয়ার্ড প্রাপ্তির মধ্য দিয়ে প্রধানমন্ত্রী ‘প্লানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন’ হিসেবে জাতিসংঘ উইমেন স্বীকৃতি পেলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪)। **প্রথম আলো, সমকাল, ভোরের কাগজ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **জীবনযাত্রার মানোন্নয়নে কাউকে ফেলে রাখা যাবে না : প্রধানমন্ত্রী**

জীবনযাত্রার মানোন্নয়নে কাউকেই পেছনে ফেলে রাখা যাবে না এই অঙ্গীকার পুর্নব্যক্ত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে জেন্ডার সংবেদনশীলতাকে গুরুত্বের সঙ্গে কাজে লাগাতে হবে। প্রত্যেক নারী এবং মেয়েকে গণনা করার ধারণা নারীর ক্ষমতায়ন ও জেন্ডার সমতা বিষয়ে আমার নিজস্ব চিন্তাধারাকে প্রতিফলিত করে। কাউকে পেছনে ফেলে না রাখায় অঙ্গীকারাবদ্ধ হওয়ার কারণে এসডিজি বাস্তবায়নে আমাদের অবশ্যই জেন্ডার সংবেদনশীল পদ্ধতিকে লালন করতে হবে। অস্ট্রেলীয় সরকার, ইউএন উইমেন, বিল এন্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন ও জাতিসংঘ ফেডারেশনের ডাটা-২ এক্স এর উদ্যোগে জাতিসংঘ সদর দফতরে ‘মেকিং এভরি উইমেন অ্যান্ড গার্ল কাউন্ট’ এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪**), ডেইলি সান,** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২)।

৪। **অভিন্ন নদীর পানির সমবন্টন চান প্রধানমন্ত্রী**

অভিন্ন নদীর পানির সমবন্টনের ওপর গুরুত্ব দিয়ে পানিকে উন্নয়নের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বিবেচনায় নিতে বিশ্ব নেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গত **২১** সেপ্টেম্বর বুধবার নিউইয়র্কে জাতিসংঘ সদর দফতরে পানি বিষয়ক উচ্চ পর্যায়ের এক প্যানেল সভায় প্রধানমন্ত্রী এ বক্তব্য দেন বলে তার প্রেস সচিব ইহসানুল করিম জানান। প্রধানমন্ত্রী বলেন, পানি বিষয়ক বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলায় অভিন্ন নদীর পানির সমবন্টনের পাশাপাশি নদী ব্যবস্থাপনায় সমন্বিত পদক্ষেপ এবং পানিনির্ভর প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে। নিরাপদ খাবার পানি ও পয়ঃব্যবস্থা প্রতিষ্ঠায় বাংলাদেশ বৈশ্বিক স্বীকৃতি পেয়েছে জানিয়ে প্রধানমন্ত্রী জানান,

বাংলাদেশে এখন মোট জনসংখ্যার ৯৮ শতাংশ নিরাপদ পানি পান করছে এবং ৬৫ ভাগ মানুষ নিরাপদ স্যানিটেশনের সুবিধা পাচ্ছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **নিউ এজ** (পৃ.১১,ক.১), **ডেইলি সান,** (শেষ পৃ.,ক.২)। **জনকণ্ঠ** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৫। আগুন সন্ত্রাসের হুকুমের আসামিদেরও বিচার হবে : নিউইয়র্কে নাগরিক সংবর্ধনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে আগুন সন্ত্রাসীদের বিচারের অঙ্গীকার পুর্নব্যক্ত করে বলেছেন, আন্দোলনের নামে আগুন দিয়ে মানুষ পুড়িয়ে হত্যাকারী এবং তাদের হুকুমের আসামিদেরও বিচারের সম্মুখীন করা হবে। প্রধানমন্ত্রী বলেন, দেশে বঙ্গবন্ধু হত্যার বিচার হয়েছে, যুদ্ধাপরাধীদের হত্যার বিচার চলছে, কাজেই আইনের শাসন প্রতিষ্ঠার স্বার্থে সকল হত্যাকাণ্ডের বিচার আমরা করব। আগুন সন্ত্রাসীদেরও বিচার বাংলার মাটিতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২১ সেপ্টেম্বর বুধবার রাতে স্থানীয় গ্র্যান্ড হায়াৎ হোটেলে যুক্তরাষ্ট্রে আওয়ামী লীগ প্রদত্ত নাগরিক সংবর্ধনায় প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.২,ক.৪), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪)। **জনকণ্ঠ, ভোরের কাগজ, সংবাদ, নিউজ টুডে** এ বিষয়ে ছবি সহ খবর ছেপেছে।

**৬। দেশে মধ্যবর্তী নির্বাচনের সম্ভাবনা নেই : নিউইয়র্কে সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী**

দেশে মধ্যবর্তী নির্বাচনের সম্ভাবনা নাকচ করে দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে এমন কোনো সমস্যার সৃষ্টি হয়নি যে মধ্যবর্তী নির্বাচন দিতে হবে। দেশ এখন উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে। গতকাল ২২ সেপ্টেম্বর বৃহস্পতিবার স্থানীয় সময় সকাল ১০টায় নিউইয়র্কে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনে আয়োজিত সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। জাতিসংঘের ৭১তম সাধারণ অধিবেশনে যোগদানের ফলাফল জানাতে বাংলাদেশের স্থায়ী মিশন এ সম্মেলনের আয়োজন করে। সুত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

**৭। ব্যবসায়িক নীতির অঙ্গীকার রক্ষা করতে হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দায়িত্বশীল ব্যবসায়িক আচরণ, ন্যায্যমূল্য ও উন্নয়ন অর্থায়নের সুযোগদানের ক্ষেত্রে দেওয়া অঙ্গীকার রক্ষায় বিশ্বের স্টেকহোল্ডারদের প্রতি আহ্বান জানিয়েছেন। গত ২১ সেপ্টেম্বর বুধবার জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের সাইডলাইনে জাতিসংঘে সদর দফতরে ডিসেন্ট ওয়ার্ক অ্যান্ড ইনক্লুসিভ গ্রোথ বিষয়ক স্যোসাল ডায়লগ সংক্রান্ত গ্লোবাল ডিলের উদ্বোধন অনুষ্ঠানে তিনি বলেন, দেশে ও দেশের বাহিরে সব ক্ষেত্রে অভিন্ন দায়িত্বশীলতা হিসেবে ব্যবসাকে যদি গণ্য করা হয় তাহলে আমরা আরও লাভবান হব। সুইডিশ প্রধানমন্ত্রী স্টিফেন লো ফেভেন এ অনুষ্ঠানের আয়োজন করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১৭,ক.১), **নিউ নেশন** (পৃ.১৩,ক.২), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.৭)। **অবজারভার** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৮। ভারতের উত্তর পূর্বাঞ্চলের সঙ্গে বাণিজ্য বাড়াতে চায় বাংলাদেশ : শিল্পমন্ত্রী**

ভারতের উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোর সঙ্গে বাংলাদেশ বাণিজ্য ও বিনিয়োগ বাড়াতে আগ্রহী বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, এ লক্ষ্যে দু'দেশের সীমান্ত পর্যায়ে বাণিজ্য অবকাঠামো সৃষ্টি, অভিবাসন ও শুল্ক সুবিধা জোরদার, স্থলবন্দর আধুনিকায়নসহ অন্যান্য উদ্যোগ গ্রহণে ভারতের সঙ্গে কাজ করবে বাংলাদেশ। গতকাল ২২ সেপ্টেম্বর বৃহস্পতিবার ভারতের আগরতলায় অনুষ্ঠিত তৃতীয় নর্থ ইস্ট কানেকটিভিটি সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। আগরতলায় প্রজ্ঞা ভবনে দু'দিন ব্যাপী এ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬),**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **অবজারভার** (পৃ.১৭,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৩)।

**৯। পরিবহণ চাঁদাবাজদের তালিকা হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

মহাসড়কে ও ফেরিঘাটে চাঁদাবাজির সঙ্গে জড়িতদের তালিকা করা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। গতকাল ২২ সেপ্টেম্বর বৃহস্পতিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে মহাসড়ক ও ফেরিঘাট নিরাপত্তা বিষয়ক এক বৈঠক শেষে তিনি বলেন, পরিবহণ খাতে যারা চাঁদাবাজি করে তাদের চিহ্নিত করে একটি তালিকা করেছে গোয়েন্দা সংস্থা। তালিকায় যারা আছে তাদের সতর্ক হওয়ার জন্য বলেন তিনি। যদি সামনের দিনে এ ধরণের

অভিযোগ আসে তাহলে সবার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে মন্ত্রী জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **সমকাল** (পৃ.৪,ক.২), **অবজারভার** (পৃ.২,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৬)।

**১০। ব্যক্তিগত গাড়ি নিয়ন্ত্রণে আইন আসছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের জানিয়েছেন,'সড়ক পরিবহণ আইন' নামে একটি আইন আসছে। এর অধীনে ব্যক্তিগত গাড়ি নিয়ন্ত্রণে বিধান রাখা হবে। গতকাল ২২ সেপ্টেম্বর বৃহস্পতিবার বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস উপলক্ষে মানিক মিয়া এভিনিউয়ের উত্তর পার্শ্বে আয়োজিত যানজট ও দূষণমুক্ত নগরায়নে প্রয়োজন, গণপরিবহণ ব্যবস্থার উন্নয়ন ও ব্যক্তিগত গাড়ির ব্যবহার নিয়ন্ত্রন শীর্ষক এক অনুষ্ঠানে তিনি এ তথ্য জানান। ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষসহ সরকারি ও বেসরকারি ৪৪টি সংস্থা অনুষ্ঠানটির আয়োজন করে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩,ক.৮), **সমকাল** (পৃ ৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১১। জাতীয় সংসদ অধিবেশন শুরু আগামী ২৫ সেপ্টেম্বর রোববার**

দশম জাতীয় সংসদের ১২তম অধিবেশন আগামী ২৫ সেপ্টেম্বর রোববার বিকাল ৫টায় শুরু হচ্ছে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে গত ৫ সেপ্টেম্বর এই অধিবেশন আহ্বান করেছেন। এটি হচ্ছে সংসদের শরৎকালীন অধিবেশন। **সূত্র-সংবাদ** (পৃ.১,ক.৪), **ইনকিলাব (পৃ.৩,ক.১)**, **নিউ এজ** (পৃ.২,ক.১),**নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

**১২। অস্ট্রেলিয়ার সঙ্গে বাংলাদেশের বন্ধুপ্রতিম সম্পর্ক রয়েছে : হাইকমিশনারের সঙ্গে সাক্ষাতকালে স্পিকার**

সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমীন চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ান হাইকমিশনার মিজ জুলিয়া নিবলেট। গতকাল ২২ সেপ্টেম্বর বৃহস্পতিবার জাতীয় সংসদ ভবনে তারা উভয় দেশের সংসদীয় কার্যক্রম, সংসদের আইন পাসের প্রক্রিয়া, সংসদ সদস্য নির্বাচন পদ্ধতি, অধিবেশনে সংসদ সদস্যদের মাঝে আসন বন্টন প্রক্রিয়া, সংরক্ষিত মহিলা আসন নির্বাচন প্রক্রিয়া, সংসদে বিরোধীদলের ভূমিকা, সংসদ সদস্যদের কার্যক্রম, নবনির্বাচিত সংসদ সদস্যদের জন্য ওরিয়েন্টেশন কর্মশালার আয়োজন, কমনওয়েলথ পার্লামেন্টারি ইউনিয়ন এবং ইন্টার পার্লামেন্টারি ইউনিয়নে বাংলাদেশের নেতৃত্ব ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

**১৩। সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় ছয় বাংলাদেশি নিহত**

সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় দুই সহোদরসহ ছয় বাংলাদেশি শ্রমিক নিহত হয়েছেন। দুর্ঘটনায় আহত হাসপাতালে ভর্তি আছেন আরও এক বাংলাদেশি। গতকাল ২২ সেপ্টেম্বর বৃহস্পতিবার দাহরান জুবাইল মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। দেশটিতে নিযুক্ত বাংলাদেশ দূতাবাস বিষয়টি নিশ্চিত করেছে। সূত্র-**সংবাদ** (পৃ.১১,ক.৮), **সমকাল** (পৃ ২,ক.১), **অবজারভার** (পৃ.১১,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

#

ফারহানা/শুকলা/মরজিনা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা